রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ২২, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৭/০৮ নভেম্বর ২০২০

**নং ০৩.১৪.২৬৯২.৮৭৮.১৪.০১৩.১৯-৩১৪**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক শ্রম বাজারে দক্ষ জনবলের চাহিদা পূরণকল্পে দক্ষ মানবসম্পদ তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সঠিকভাবে ও স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৬ (১)(খ) কার্যকর করার অভিপ্রায়ে সনদায়িত দক্ষ অ্যাসেসর তৈরির লক্ষ্যে এতদ্বারা “অ্যাসেসর অ্যাসেসমেন্ট গাইডলাইন-২০২০” জারি করল।

০২। জনস্বার্থে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই গাইডলাইন জারি করা হল। এই গাইডলাইন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দুলাল কৃষ্ণ সাহা**

নির্বাহী চেয়ারম্যান (সচিব)।



মূল্য : টাকা ১২.০০

## অ্যাসেসর অ্যাসেসমেন্ট গাইডলাইন-২০২০

১। **ভূমিকা** :

প্রযুক্তির উৎকর্ষতা ও বিশ্বায়নের প্রেক্ষাপটে অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধি করা প্রয়োজন। নব নব উদ্ভাবিত প্রযুক্তির সাথে তাল মিলিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হলে দক্ষ জনবল একটি অপরিহার্য অনুষঙ্গ। আমাদের অর্থনৈতিক অবস্থার ক্রমবর্ধনশীল গতি বজায় রাখতে হলে দক্ষ মানবসম্পদ বিদেশে রপ্তানি এবং স্থানীয় উৎপাদনশীল খাতে সরবরাহ বাঞ্ছনীয়। দক্ষতার পারস্পরিক স্বীকৃতি আদায় এবং দক্ষতামান বজায় রাখার স্বার্থে প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়া মানসম্মত হওয়া জরুরি। প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সঠিকভাবে ও স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার ক্ষেত্রে সনদায়িত দক্ষ অ্যাসেসর অপরিহার্য। ফলে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০১১ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৬(১)(খ) এর বিধান অনুযায়ী দক্ষ মানবসম্পদ তৈরির উদ্দেশ্যে সনদায়িত অ্যাসেসর তৈরির লক্ষ্যে এ গাইডলাইন জারি করা হ'লো।

২। **শিরোনাম :**

এ গাইডলাইন **"অ্যাসেসর অ্যাসেসমেন্ট গাইডলাইন-২০২০"**নামে অভিহিত হবে।

৩। **অ্যাসেসর অ্যাসেসমেন্ট এর উদ্দেশ্য :**

ক) জাতীয় ও আন্তর্জাতিক মান অনুযায়ী দক্ষতা উন্নয়ন নিশ্চিতকরণ;

খ) সমতাভিত্তিক নিরপেক্ষ দক্ষতামান যাচাই নিশ্চিতকরণ;

গ) অভিন্ন মানের সনদায়ন নিশ্চিতকরণ।

৪। **সংজ্ঞাসমূহ :**

বিষয় ও প্রসংগের পরিপন্থি কিছু না থাকলে এ গাইডলাইনে—

১."**অ্যাসেসমেন্ট** (Assessment)" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত অ্যাসেসর এর মাধ্যমে দক্ষতামান যাচাই প্রক্রিয়া;

২.**"আইন"** অর্থ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৫ নং আইন);

৩. **"এনটিভিকিউএফ** (NTVQF)**"** অর্থ সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো;

৪.**"কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ;

৫. **"দক্ষতা**(Skills)**"** অর্থে কোনো একটি নির্দিষ্ট কাজ করার জন্য অর্জিত জ্ঞান ও কৌশল বা শিল্প ও বৃত্তির আদর্শমান অনুযায়ী দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মোতাবেক পণ্য ও সেবা উৎপাদনের সক্ষমতা ও সামর্থ্য অন্তর্ভুক্ত হবে;

৬. "**দক্ষতামান**(Competency Standard)"অর্থ শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি) কর্তৃক নির্ধারিত পেশার দক্ষতার নমুনা যা জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গির আলোকে উক্ত পেশার কাজ সম্পাদন/কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় সক্ষমতা অর্জনের ডকুমেন্ট সেট;

৭."**প্রশিক্ষণ**(Training)" অর্থ নির্দেশনা এবং অনুশীলনের মাধ্যমে জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গির উন্নয়ন;

৮. "**প্রশিক্ষক**(Trainer)" অর্থ একজন সনদায়িত পেশাদার ব্যক্তি যার একটি নির্দিষ্ট পেশার বাস্তব অভিজ্ঞতা, দক্ষতা, জ্ঞান ও দৃষ্টিভঙ্গি রয়েছে এবং যিনি অর্জিত বাস্তব অভিজ্ঞতা, জ্ঞান ও দৃষ্টিভঙ্গির মাধ্যমে একজন প্রশিক্ষণার্থী বা প্রশিক্ষণার্থী দলকে উক্ত পেশা সম্পাদনে সক্ষমতা তৈরিতে পারদর্শী;

৯."**সক্ষমতা**(Competency)" অর্থ কোনো একজন ব্যক্তির অভিজ্ঞতা, জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির প্রয়োগ এবং প্রদর্শন করার মাধ্যমে কোনো নির্দিষ্ট কাজ দক্ষতামান অনুযায়ী সম্পন্ন করার ক্ষমতা;

১০."**সক্ষমতার ইউনিট** (Unit of Competency)" অর্থ নির্দিষ্ট পেশার কর্ম সম্পাদনের জন্য প্রণীত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ডের একটি ক্ষুদ্র অংশ;

১১."**সনদায়ন**(Certification)" অর্থ অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় উত্তীর্ণ প্রার্থীকে প্রদত্ত দক্ষতার স্বীকৃতি;

১২."**সনদায়িত অ্যাসেসর** (Certified Assessor)" অর্থ হলো এমন একজন ব্যক্তি যিনি প্রার্থীদের অ্যাসেসমেন্ট করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক অ্যাসেসর হিসাবে সনদপ্রাপ্ত।

৫। **অ্যাসেসরের জন্য আবেদনের প্রাক-যোগ্যতা :**

৫.১ অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবেঃ

ক) অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত হতে আগ্রহীদের যে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রি ও ভোকেশনাল কাজে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

খ) অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ডিপ্লোমা সনদপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রি কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

গ) ন্যূনতম এইচএসসি (ভোক) বা সমমান শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট পেশায় কমপক্ষে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ) ন্যূনতম এসএসসি (ভোক) বা সমমান শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং সংশ্লিষ্ট পেশায় কমপক্ষে ০৬ (ছয়) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

ঙ) অ্যাসেসরকে NTVQF এর সংশ্লিষ্ট দক্ষতা স্তরের সমমান অথবা এক স্তর উচ্চ যোগ্যতা সম্পন্ন হতে হবে এবং কমপক্ষে ০৬ (ছয়) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

৫.২ উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নির্ধারিত প্রশিক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে সনদায়িত করে অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত করা হবে। তবে ইতোপূর্বে দেশি-বিদেশি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অ্যাসেসর হিসেবে সনদপ্রাপ্ত ব্যক্তিদের শুধুমাত্র মূল্যায়নে অংশগ্রহণের মাধ্যমে সনদায়িত করে অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত করা হবে।

৬। **আবেদন প্রক্রিয়া :**

৬.১ অনুচ্ছেদ ৫ এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি সার্টিফাইড অ্যাসেসর হওয়ার জন্য সংযোজনী-১ এ বর্ণিত ফরমেট অনুযায়ী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে;

৬.২ একজন প্রার্থী ০১টি পেশায় সার্টিফাইড অ্যাসেসর হওয়ার জন্য আবেদন করতে পারবে;

৬.৩ একাধিক পেশায় সার্টিফাইড অ্যাসেসর হতে হলে প্রত্যেক পেশার জন্য আলাদা আলাদা ভাবে আবেদন করতে হবে;

৬.৪ আবেদনপত্রের সাথে আবেদনকারীকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে।

৭। **আবেদন বাছাই :**

কর্তৃপক্ষ আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনে প্রার্থীর যোগ্যতার বিষয়টি যাচাই করবে এবং প্রাথমিকভাবে যোগ্য আবেদনকারী নির্বাচন করবে।

৮। **প্রাথমিকভাবে যোগ্য নির্বাচিত প্রার্থীর প্রশিক্ষণ :**

কর্তৃপক্ষ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্ধারিত মডিউলসমূহে প্রশিক্ষণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। উল্লেখ্য এ ক্ষেত্রে অবশ্যই যোগ্য প্রশিক্ষকের মাধ্যমে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করবে।

৯। **অ্যাসেসর অ্যাসেসমেন্ট প্রক্রিয়া :**

পেশাভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল নির্বাচন:

৯.১ অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে কর্তৃপক্ষ ন্যূনতম ০৩ সদস্যের একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরী করবে। বিশেষজ্ঞ প্যানেলের যোগ্যতা হবে নিম্নরূপ :

ক. বিশেষজ্ঞদের পেডাগজি লেভেল-৫ এ সনদায়িত হতে হবে;

খ. এনটিভিকিউএফ লেভেলের যে স্তরের জন্য সার্টিফাইড অ্যাসেসর সনদায়িত হবে তার সম অথবা উচ্চতর লেভেলে যোগ্যতা থাকতে হবে।

৯.২ কর্তৃপক্ষ নির্বাচিত বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক তৈরিকৃত অ্যাসেসমেন্ট টুলস্ এর ভিত্তিতে অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করবে।

৯.৩ বিশেষজ্ঞ প্যানেল প্রশিক্ষিত আবেদনকারীকে অ্যাসেসমেন্ট সম্পন্ন করে যোগ্য প্রার্থী হিসেবে ঘোষণা করবে।

৯.৪ বিশেষজ্ঞ প্যানেল যোগ্য প্রার্থীর একটি তালিকা কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করবে।

৯.৫ ইতোমধ্যে, যে সকল ব্যক্তি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আন্তর্জাতিক স্বীকৃত প্রতিষ্ঠান (যেমন: তেজদা (TESDA) ফিলিপাইন, ট্যাফে (TAFE) অস্ট্রেলিয়া ইত্যাদি) থেকে অ্যাসেসর হিসেবে সনদায়িত হয়েছেন, তাদেরকে কর্তৃপক্ষের অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে। এ সকল আবেদনকারীর ক্ষেত্রে প্রশিক্ষণ ব্যতীত বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে মৌখিক পরীক্ষা গ্রহণ করে অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করা হবে ।

**১০। অ্যাসেসর অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় কর্তৃপক্ষের করণীয় :**

১০.১ প্রয়োজন অনুযায়ী অ্যাসেসর নিয়োগের জন্য কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি প্রদান করবে।

১০.২ বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক যোগ্য ঘোষিত প্রার্থীর অনুকূলে কর্তৃপক্ষ অ্যাসেসর হিসেবে ৫(পাঁচ) বছরের জন্য সনদায়ন করবে। সে সাথে সনদায়িত অ্যাসেসরকে কর্তৃপক্ষের পুলে অন্তর্ভুক্ত করবে।

১০.৩ ৫(পাঁচ) বছর উত্তীর্ণ হওয়ার পর ধারাবাহিক পেশাদারিত্বের প্রমাণের ভিত্তিতে কর্তৃপক্ষ অ্যাসেসর সনদায়ন নবায়ন করবে।

১০.৪ কর্তৃপক্ষ প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট এর ক্ষেত্রে অ্যাসেসরের জন্য প্রশিক্ষণার্থী প্রতি সম্মানী ফি নির্ধারণ করবে। এছাড়া অ্যাসেসরের জন্য এলাকা অনুযায়ী নির্ধারিত টি.এ ও ডি.এ প্রদানের লক্ষ্যে আদেশ জারির পদক্ষেপ গ্রহণ করবে।

১০.৫ কর্তৃপক্ষ অ্যাসেসর অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় বিশেষজ্ঞ প্যানেলের সদস্যদের প্রয়োজনীয় সম্মানী ফি নির্ধারণ করবে।

১০.৬ কর্তৃপক্ষ আবেদনকারীকে অ্যাসেসমেন্টের জন্য নির্ধারিত মডিউলসমূহের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যয় ভার বহন করবে।

**১১। অব্যাহতি প্রদান :**

১১.১ একজন অ্যাসেসর পর পর ৩(তিন) বার অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণে অপারগতা প্রকাশ করলে কর্তৃপক্ষ তার নাম অ্যাসেসর পুল থেকে অব্যাহতি প্রদান করতে পারবে। অ্যাসেসর পুল থেকে অব্যাহতিপ্রাপ্ত কোনো অ্যাসেসর প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না।

১১.২ অ্যাসেসর পুল থেকে অব্যাহতি প্রদানের পর সংশ্লিষ্ট অ্যাসেসর পর পর ৩(তিন) বার কেন অ্যাসেসমেন্ট প্রক্রিয়ার অংশগ্রহণে ব্যর্থ হয়েছেন তার যৌক্তিক কারণ উল্লেখপূর্বক নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে পুনরায় অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন দাখিল করতে পারবেন।

১১.৩ কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান আবেদনকারীর আবেদন যৌক্তিক মনে করলে তাকে পুনরায় অ্যাসেসর পুলে অন্তর্ভুক্ত করার আদেশ দিতে পারবেন।

১১.৪ কোনো অ্যাসেসর প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় অসদুপায় অবলম্বন করেছে মর্মে কোনো অভিযোগ উত্থাপিত হলে তার সত্যতা যাচাই করে অভিযোগ প্রমাণিত হলে কর্তৃপক্ষ তাকে অ্যাসেসর পুল থেকে অব্যাহতি প্রদান করবে।

**১২। আপীল :**

১. অসদুপায় অবলম্বনের কারণে কোনো অ্যাসেসরকে অ্যাসেসর পুল থেকে অব্যাহতি প্রদান করা হলে অথবা তাঁর অ্যাসেসর সনদ বাতিল করা হলে তিনি উপরোক্ত আদেশের বিরুদ্ধে আদেশ প্রদানের ৭(সাত) কার্য দিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবরে আপীল করতে পারবেন।

২. নির্বাহী চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের একজন সদস্য আপীলের শুনানী গ্রহণ করে কর্তৃপক্ষের সভায় চূড়ান্ত সিদ্ধান্তের জন্য উপস্থাপন করবেন। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৩। অন্যান্য :**

১৩.১ *সরকার কর্তৃক জারীকৃত গাইডলাইন ও অন্যান্য নির্দেশনা অনুসরণ*

অ্যাসেসমেন্ট সেন্টার পরিচালনাকারী প্রতিষ্ঠানকে সরকার কর্তৃক জারীকৃত যেকোন নির্দেশনা অনুসরণ করতে হবে।

১৩.২ *ব্যাখ্যা প্রদান*

এ গাইডলাইনের বিষয়ে ব্যাখ্যা প্রদানের এখতিয়ার কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৩.৩ *সংরক্ষণ*

বর্ণিত গাইডলাইনের যে কোনো ধরনের পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন অথবা শর্ত শিথিল করার ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

সংযোজনী-১

**অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির আবেদন ফরম**

ছবি

বরাবর
নির্বাহী চেয়ারম্যান
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

১. প্রার্থীর নামঃ........................................................................................................

২. ঠিকানাঃ
বর্তমান ঠিকানাঃ ..........................................................................................
..........................................................................................
..........................................................................................

স্থায়ী ঠিকানাঃ..............................................................................................
..............................................................................................
..............................................................................................

মোবাইলঃ........................................ই-মেইলঃ...............................................

৩. জাতীয় পরিচয়পত্র নম্বরঃ..............................................................................

৪. জন্ম তারিখঃ..............................................................................................

৫. লিংগঃ ☐ ☐ ☐

৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | প্রতিষ্ঠান | পাশের বছর | ফলাফল | বোর্ড |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

৭. শিল্প অভিজ্ঞতাঃ

| প্রতিষ্ঠানের নাম | পদবি | পেশা | দায়িত্ব | সময়কাল (বছর) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

৮. অর্জনসমূহ:

| পেশা | লেভেল | অর্জনের বছর |
|---|---|---|
| | | |
| | | |

৯. যে সকল পেশায় মূল্যায়ন পরিচালনায় দক্ষ এবং অভিজ্ঞ:

| ক্রমিক | সেক্টর | পেশা | লেভেল |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

১০.মূল্যায়ন পরিচালনা:

| কতগুলি পেশা মূল্যায়ন করা হয়েছে | পেশা | লেভেল |
|---|---|---|
| | | |
| | | |

আমি প্রত্যয়ন করছি যে, আমার জানামতে উপরে উল্লিখিত তথ্যসমূহ সত্য। যদি কোনো তথ্য ভুল প্রমাণিত হয় তা হলে কর্তৃপক্ষ আমার আবেদন বাতিল করতে পারবে।

তারিখ:.................................... প্রার্থীর স্বাক্ষর ও সীল

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd